

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.১১.০০৩.১৭.

তারিখ: ২৮ চৈত্র, ১৪২৪
১১ এপ্রিল, ২০১৮**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৯-০৯-২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৯৪.১৭-৩৪০ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিস্টেমস এনালিস্ট পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৪৩,০০০-৬৯,৮৫০/- বেতনক্রমে (৫ম গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

নাম ও ঠিকানা	রেজিস্ট্রেশন নম্বর
জনাব মো: কবির উদ্দিন পিতা-মো: আব্দুর রহমান, মাতা-মোছা: আফরোজা সুলতানা গ্রাম-বরই তলা, ডাকঘর-বরই তলা উপজেলা-কাজিপুর, জেলা-সিরাজগঞ্জ	০০০০০৪

০২। নিয়োগের শর্তাবলি নিম্নরূপ:

- (ক) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- (খ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিসকাল আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবে; শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (গ) চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে;
- (ঘ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সঙ্গে সম্পাদন করতে হবে। নির্ধারিত প্রশিক্ষণ ও শিক্ষানবিসকাল সমাপ্তকালে অতিরিক্তের পর তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;
- (ঙ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার পর তিন বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্যকাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (চ) সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- (ছ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক গ্রহণ কিংবা প্রদান করবেন না;
- (জ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী তাঁকে সকল ছাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (ঝ) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
- (ঞ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ট) যদি তিনি কোন দণ্ড/সংস্থায় বর্তমানে চাকরিরত হয়ে থাকেন তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি নিয়ে অব্যাহতিপত্রের সত্যায়িত অনুলিপি যোগদানপত্রের সাথে জমা দিতে হবে;
- (ঠ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুযায়ী তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ড) এ চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না;

০৩। উপর্যুক্ত শর্তাবলীতে চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২২-০৪-২০১৮ তারিখের মধ্যে সিস্টেমস এনালিস্ট পদে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।



চলমান পাতা-২

০৪। জনস্বার্থে এই নিয়োগপত্র জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

(মোহাম্মদ কামরুজ্জামান)

উপসচিব


ফোন: ৯৫১৪১৬৫

নং- ২৮.০০.০০০০.০২০.১১.০০৩.১৭. ৭ ৩ ৫

তারিখ : ২৮ টেত্র, ১৪২৪
১১ এপ্রিল, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা (তাঁহাদের ১৯-০৯-২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৯৪.১৭-৩৪০ সংখ্যক স্মারকের বরাতে)।
- ২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৪। জনাব মোঃ কবির উদ্দিন, পিতা-মোঃ আব্দুর রহমান, মাতা-মোছাঃ আফরোজা সুলতানা, গ্রাম-বরই তলা, ডাকঘর-বরই তলা উপজেলা-কাজিপুর, জেলা-সিরাজগঞ্জ।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৮। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯। অফিস কপি/ব্যক্তিগত নথি।


(মোহাম্মদ কামরুজ্জামান)
উপসচিব